

নির্বাচন উপলক্ষে ৭ দিনের ছুটি চান শিক্ষার্থীরা, তাবিতে প্রতিবাদ সমাবেশ

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

আসন্ন সংসদ নির্বাচন উপলক্ষে সাত দিনের ছুটির দাবিতে বিক্ষেপ সমাবেশ করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) শিক্ষার্থীরা। শনিবার (৭ ফেব্রুয়ারি) রাত সাড়ে ৮টার দিকে রাজু ভাস্কর্যের পাদদেশে এ বিক্ষেপ অনুষ্ঠিত হয়।

সমাবেশে ড. মুহম্মদ শহীদুল্লাহ হল সংসদের কার্যনির্বাহী সদস্য রিয়াদুস সালেহীন বলেন, ভোট দেওয়া সবার গণতান্ত্রিক অধিকার। বিশ্ববিদ্যালয় প্রশাসন যদি পর্যাপ্ত ছুটি না দেয়, তাহলে অনেক শিক্ষার্থী ভোটাধিকার প্রয়োগের সুযোগ থেকে বঞ্চিত হতে পারেন।

তিনি অভিযোগ করেন, ১০ ফেব্রুয়ারি থেকে
ছুটি কার্য্যকর হলে দূরবর্তী জেলার শিক্ষার্থীদের
বাড়ি গিয়ে ভোট দেওয়া কঠিন হয়ে পড়বে। তার
দাবি, ৮ ফেব্রুয়ারি থেকে ১৫ ফেব্রুয়ারি পর্যন্ত
বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হোক।

হল সংসদের আরেক কার্যনির্বাহী সদস্য আবু
নাইম বলেন, দীর্ঘ সময় পর ভোটাধিকার
প্রয়োগের সুযোগ এসেছে। কিন্তু ছুটির সময়সূচি
নিয়ে প্রশাসনের সিদ্ধান্তে শিক্ষার্থীদের মধ্যে
অনিশ্চয়তা তৈরি হয়েছে।

বিশেষ করে উত্তরবঙ্গসহ দূরবর্তী অঞ্চলের
শিক্ষার্থীদের যাতায়াতে বেশি সময় লাগে উল্লেখ
করে তিনি বলেন, ভোটের আগে সম্ভাব্য
যানজটের বিষয়টিও বিবেচনায় নেওয়া উচিত।

ঢাবি শিক্ষার্থী তালহা নিগাহবান বলেন, দীর্ঘদিন
পর গণতান্ত্রিক অধিকার প্রয়োগের সুযোগ
মিলেছে। কিন্তু সীমিত ছুটিতে নির্ধারিত সময়ে
বাড়ি গিয়ে ভোট দেওয়া সম্ভব হবে কি না, তা
নিয়ে সংশয় রয়েছে। শিক্ষার্থীদের দাবি অনুযায়ী
৮ থেকে ১৫ ফেব্রুয়ারি পর্যন্ত ছুটি ঘোষণার
জন্য তিনি প্রশাসনের প্রতি আহ্বান জানান।